অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/14/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নতুন COVID রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রামের কথা ঘোষণা করেছেন

করোনাভাইরাস বিশ্বব্যাপী মহামারী দ্বারা প্রভাবিত ভাড়াটেদের জন্য তহবিল উপলব্ধ

নিউ ইয়র্কবাসীদের তাদের বাড়িতে রাখার চলমান প্রচেষ্টা জোরদার করে

প্রোগ্রাম অ্যাপ্লিকেশন এখানে পাওয়া যাবে বৃহস্পতিবার, 16 জুলাই

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ একটি জরুরী ভাড়া সহায়তার কর্মসূচী ঘোষণা করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে নিম্ন আয়ের পরিবারগুলোকে তাদের বাড়িতে রাখতে সাহায্য করবে। এই প্রোগ্রাম, যা সর্বোচ্চ চাহিদা সম্পন্ন ব্যক্তি এবং পরিবারের কাছে পৌঁছানোর জন্য প্রস্তুত করা হয়েছে, তা COVID-19 মহামারীর কারণে আয় হারানো ভাড়াটেদের জন্য সরাসরি সাহায্য প্রদান করবে। এই কর্মসূচী করোনাভাইরাস ত্রাণ তহবিলের (Coronavirus Relief Fund) মাধ্যমে অর্থায়ন করা হয়, যা CARES অ্যাক্টের অংশ। প্রোগ্রামটি নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) দ্বারা পরিচালিত হয় এবং প্রোগ্রাম অ্যাপ্লিকেশন 16 জুলাই বৃহস্পতিবার এখানে পাওয়া যাবে।

"প্রথম দিন থেকে আমরা পরিষ্কার করে দিয়েছি যে এই বিশ্বব্যাপী মহামারীর কারণে সৃষ্ট কষ্টের কারণে কোন নিউ ইয়র্কবাসীকে রাস্তায় ফেলে দেওয়া উচিত নয়," **গভর্নর কুওমো বলেন।** "এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে মানুষ তাদের বাড়িতে নিরাপদে থাকতে পারেন যখন আমরা আমাদের তথ্য চালিত, পর্যায়ক্রমে পুনরায় খোলা নিয়ে অগ্রসর হব, এবং COVID রেন্ট রিলিফ প্রোগ্রাম (COVID Rent Relief Program) সেই অঙ্গীকারকে আরো বলবত করে সর্বোচ্চ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের সরাসরি সহযোগিতা প্রদান করে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "COVID-19 এর বিরুদ্ধে লড়াইয়ে আমরা যে অগ্রগতি করেছি তা সত্ত্বেও লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসী এই ভাইরাস এবং অর্থনৈতিক সংকটের কারণে সংগ্রাম করছে। অতিরিক্ত ভার বহন করা ভাড়াটেদের সরাসরি সাহায্য প্রদান করলে তা এই নিউ ইয়র্কবাসীদের তাদের বাড়িতে থাকতে সাহায্য করবে এবং সমাপ্তি পূরণ করতে সক্ষম হবে। আমি সিনেটর ব্রায়ান কাভানাগের প্রশংসা করছি এই আইন অগ্রসর করার জন্য, আমার সিনেট ডেমোক্রেটিক সংখ্যাগরিষ্ঠতাকে এটি পাশ করার জন্য এবং গভর্নর কুওমোকে এটি স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য। যদিও এই প্রচেষ্টা কিছুটা স্বস্তি দেবে, আমরা জানি যে

এই কঠিন সময়ে সরকারকে এগিয়ে আসতে হবে এবং আরো সহায়তা প্রদান করতে হবে। আমরা নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য অর্থবহ আইন প্রণয়ন করা চালিয়ে যাচ্ছি, এবং আমাদের প্রয়োজন ফেডারেল সরকার আমাদের সাথে কাজ করুক এবং আমাদের রাজ্যের প্রয়োজনীয় সম্পদগুলি সরবরাহ করুক।"

পরিষদের স্পিকার কার্ল হিস্টি বলেন, "অনেক নিউ ইয়র্কবাসীর জন্য, COVID-19 মহামারী সাশ্রয়ী মূল্যের আবাসন নিশ্চিত করার চ্যালেঞ্জকে আরও বড় করে তুলেছে। অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ বছরের পর বছর ধরে অক্লান্ত পরিশ্রম করে আসছে নিউ ইয়র্কবাসীদের তাদের বাড়িতে রাখার জন্য এবং যে সব সম্প্রদায়কে তারা আকৃতি প্রদান করতে সাহায্য করেছেন, সেখানে থাকতে। অনেক নিউ ইয়র্কবাসী এখনো কর্মহীন থাকায়, আমাদের এখনো ফেডারাল সরকারের সাহায্য প্রয়োজন যাতে রাজ্যগুলি উল্লেখযোগ্য আর্থিক চ্যালেঞ্জের মোকাবেলা করতে পারে। নিউ ইয়র্কের পরিবারগুলোকে সাহায্য করার জন্য আমাদের পক্ষে যা করা সম্ভব তা করতে হবে। এই ভাড়া সহায়তা কর্মসূচী, যদিও এখনো বিদ্যমান প্রচণ্ড চাহিদা পূরণের জন্য যথেষ্ট নয়, আমাদের সব চেয়ে ঝুঁকিপূর্ণ পরিবারগুলির কাছ থেকে একটি আর্থিক বোঝা তুলে নেওয়ার একটি পদক্ষেপ। এই অভূতপূর্ব সময়ে মানুষকে তাদের বাড়িতে থাকতে সাহায্য করার জন্য আমরা আরো কিছু করার চেষ্টা করতে থাকবো।"

নতুন প্রোগ্রামের অধীনে, যোগ্য পরিবারগুলি একটি এককালীন ভাড়ার বর্তুকি পাবেন যা সরাসরি বাড়িওয়ালা এবং আবাসন প্রদানকারীদের প্রদান করা হবে। ভাড়াটেদের এই সাহায্য পরিশোধ করতে হবে না।

এই প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জন করতে, আবেদনকারীদের অবশ্যই যোগ্যতার সকল প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হবে:

- নিউ ইয়র্ক স্টেটে একটি প্রাথমিক বাসভবন সহ অবশ্যই একজন ভাড়াটে হতে হবে।
- 1 মার্চ 2020 এর আগে এবং আবেদনের সময়, গার্হস্থ্য আয় (বেকারত্বের সুবিধা সহ) অঞ্চলের মিডিয়ান আয়ের 80 শতাংশের নিচে থাকতে হবে, যা গৃহস্থালীর আকারের জন্য সমন্বয় করা হবে। আবেদনকারীরা তাদের কাউন্টির জন্য অঞ্চলের গড় আয়, বার করতে পারবেন গৃহস্থালীর আকারের উপর ভিত্তি করে, এখানে HCR এর ওয়েবসাইটে।
- 1 মার্চ 2020 এর আগে এবং আবেদনের সময়, পরিবারকে অবশ্যই "ভাড়ার বোঝা" অধীনে থাকতে হবে, যা স্থূল মাসিক আয়ের 30 শতাংশের বেশি ভাড়া হিসেবে পরিশোধ করা হিসাবে সংজ্ঞায়িত করা হয়।
- আবেদনকারীদের অবশ্যই 1 এপ্রিল 2020 থেকে 31 জুলাই 2020 এর মধ্যে যে কোন সময়ে আয় হারিয়ে থাকতে হবে।
- আবেদনের সময়কাল দুই সপ্তাহের জন্য খোলা থাকবে। বাসিন্দারা এই দুই সপ্তাহের মধ্যে যে কোন সময় আবেদন করতে পারেন।

HCR সর্বোচ্চ অর্থনৈতিক ও সামাজিক চাহিদা সম্পন্ন পরিবারকে অগ্রাধিকার দেবে, আয়, ভাড়ার বোঝা, আয়ের যে শতাংশ হ্রাস পেয়েছে এবং গৃহহীনতার ঝুঁকি হিসেবে নিয়ে। ভাড়া সহায়তার পেমেন্ট 1 মার্চ, 2020 তারিখে পরিবারের ভাড়া বোঝা এবং পরিবার সাহায্যের জন্য আবেদন করার সময় ভাড়ার বোঝা বৃদ্ধির মধ্যে পার্থক্য কভার করবে। পরিবারগুলো এপ্রিল থেকে জুলাই মাস পর্যন্ত চার মাস পর্যন্ত ভাড়া সহায়তার জন্য আবেদন করতে পারবেন। এই প্রোগ্রাম যে সব পরিবার অ্যাপার্টমেন্ট, একক-পারিবারিক বাড়ি, নির্মাণকৃত বাড়ি এবং উৎপাদিত বাড়ির লট ভাড়া করা পরিবারগুলির জন্য খোলা।

মার্কিন নাগরিকত্ব বা যোগ্য ইমিগ্রেশন স্ট্যাটাস সহ অন্তত একজন পরিবারের সদস্য থাকা পরিবার ভর্তুকি পাওয়ার যোগ্য। বর্তমানে আবাসন খরচের জন্য সেকশন 8 হাউজিং চয়েস ভাউচার (Section 8 Housing Choice Voucher) পাওয়া ভাড়াটেরা অথবা যারা সরকারী আবাসনে বসবাসকারীরা RRP সহায়তার জন্য যোগ্য নন।

COVID রেন্ট রিলিফ প্রোগ্রাম (COVID Rent Relief Program) করোনাভাইরাস বিশ্বব্যাপী মহামারীর সময় নিউ ইয়র্কের ভাড়াটেদের রক্ষা করতে গভর্নর কুওমোর প্রচেষ্টার উপর ভিত্তি করে গড়ে উঠেছে। এর মধ্যে আছে রাজ্য ব্যাপী COVID-সম্পর্কিত আবাসিক বা বাণিজ্যিক উচ্ছেদের উপর স্থগিতাদেশ, উচ্ছেদের স্থগিতাদেশের সময় বকেয়া ভাড়ার পেমেন্টের জন্য বিলম্বিত পেমেন্ট বা ফি নিষিদ্ধ করছে; এবং COVID-19 এর কারণে ভাড়াটেদের যারা আর্থিক সঙ্কটের মুখোমুখি হচ্ছেন তারা পেমেন্ট হিসেবে সিকিউরিটি ডিপোজিট ব্যবহার করতে পারবেন এবং সময়ের সাথে তারা তাদের সিকিউরিটি ডিপোজিট পরিশোধ করতে পারবেন।

COVID ভাড়া ত্রাণ প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্য, ঘন ঘন জিজ্ঞাসিত প্রশ্ন সহ, এখানে পাওয়া যাবে।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথান ভিসনসকাস বলেছেন, "যে সব পরিবার এবং ব্যক্তিরা ইতিমধ্যেই ভাড়ার ভার বহন করছেন, অথবা বেতনের চেক থেকে বেতনের চেকের ভিত্তিতে বেঁচে আছেন, তারা বিশেষ করে করনাভাইরাস বিশ্বব্যাপী মহামারীর ফলে হঠাৎ করে আয়ের ক্ষতির সম্মুখীন হয়েছেন। নিউ ইয়র্কবাসীদের উচ্ছেদ এবং ফোরক্লোসার থেকে রক্ষা করতে গভর্নর কুওমোর তাৎক্ষণিক পদক্ষেপগুলি একটি অকল্পনীয় স্বাস্থ্য সংকটের সময় বহু প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান করেছে। COVID রেন্ট রিলিফ প্রোগ্রাম এককালীন ভাড়ার ভর্তুকি দিয়ে বহু ভাড়াটের কষ্ট দূর করার জন্য রাজ্যের প্রচেষ্টার উপর গড়ে উঠেছে। আমাদের সাথি নিউ ইয়র্কবাসীদের তাদের বাড়িতে সুরক্ষিত থাকতে সাহায্য করার মাধ্যমে আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধারের পথে অগ্রসর হওয়া অব্যাহত রাখতে পারি।"

সিনেট হাউজিং কমিটির (Senate Housing Committee) চেয়ারম্যান এবং বিলের প্রধান পৃষ্ঠপোষক সিনেটর ব্রায়ান ক্যাভানো (ডি-ম্যানহাটন এবং ব্রুকলিন) বলেন, "এই বিশ্বব্যাপী মহামারী শুরু হওয়ার পর থেকে নিউ ইয়র্ক জীবন বাঁচাতে এবং মানুষকে নিরাপদ রাখার জন্য কঠিন লড়াই করেছে, কিন্তু আমরা বহু নিউ ইয়র্কবাসীর জন্য যথেষ্ট কাজ করিনি যারা ভাড়া

দিতে এবং তাদের বাড়িতে থাকার জন্য সংগ্রাম করে চলেছেন। যদিও আমাদের আরো অনেক তহবিলের প্রয়োজন আরো বিসম্তীর্ণ পরিসীমার মানুষের সাহাজ্য করতে, যার মধ্যে রয়েছে বর্তমানে গৃহহীন ব্যক্তিরা এবং যাদের অভিবাসন স্থিতির কারণে অন্য ধরনের সাহায্য পাওয়া কঠিন হয়, এই কার্যক্রমটি ত্রাণ প্রয়োজনীয় নিউ ইয়র্কবাসীদের সমর্থন করার জন্য একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ। জরুরী ভাড়ার ত্রাণের (Emergency Rent Relief) আইন পাশ করার মাত্র চার সপ্তাহ পরেই, দ্রুতগতিতে এই কার্যক্রমটি চালু করার প্রতি তাদের প্রচেষ্টার জন্য আমি কমিশনার ভিসনাউস্কাস এবং বাড়ি এবং সম্প্রদায়ের নবায়ন (Homes and Community Renewal, HCR)-এর অধ্যবসায় কর্মীদের ধন্যবাদ জানাই।”

অ্যাসেম্বলির আবাসন কমিটির চেয়ারম্যান, অ্যাসেম্বলি-ম্যান স্টিভেন সিমব্রোউইৎজ (ডি-ব্রুকলিন) বলেন, "সকল নিউ ইয়র্কবাসীদের পক্ষ থেকে, আমি COVID ভাড়ার ত্রাণের (COVID Rent Relief) কার্যক্রম সক্রিয় এবং চলমান দেখে আনন্দিত। এই ভাইরাসের বিরুদ্ধে আমাদের অবিরাম লড়াইয়ের ফলে ভাড়াটে এবং বাড়িওয়ালারা বিশাল আর্থিক সমস্যার সম্মুখীন হয়ে থাকেন। নিরাপদে পুনরায় খোলার আমাদের দায়িত্ব অবশ্যই গৃহহীনতার বিরুদ্ধে লড়াই এবং নিউ ইয়র্কবাসীদের তাদের নিজেদের বাড়িতে সুরক্ষিত রাখার অবিরাম প্রয়োজনীয়তার সাথে ভারসাম্যপূর্ণ হতে হবে। আমরা কংগ্রেসের কাজ এবং আরো প্রয়োজনীয় ত্রাণ প্রদান করার জন্য অপেক্ষা করার পাশাপাশি, এই কার্যক্রমটি সবচেয়ে বেশি প্রয়োজন সহিত পরিবারগুলিকে অগ্রাধিকার দিয়ে আমাদের পুনরুদ্ধারকে ক্ষমতা প্রদান করতে সাহায্য করবে।"

প্রতিনিধি নিতা লোউই বলেন, "COVID ভাড়ার ত্রাণের (COVID Rent Relief) কার্যক্রম, যা কেন্দ্রীয় তহবিল দ্বারা সম্ভব হয়েছে যা আমি করোনভাইরাস সহায়তা, ত্রাণ এবং অর্থনৈতিক সুরক্ষা আইন (Coronavirus Aid, Relief, and Economic Security, CARES)আইনে নিউ ইয়র্কের জন্য সংগ্রহ করতে সাহায্য করেছি, এই মহামারীতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত সম্প্রদায় এবং পরিবারগুলোকে গুরুতর সহায়তা প্রদান করার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। রাজ্য জুড়ে যেই ভাড়াটেরা অর্থনৈতিক শাট-ডাউনের আর্থিক প্রভাবের শিকার হচ্ছেন, তাদের উচ্ছেদের হাত থেকে রক্ষা করতে চূড়ান্ত পদক্ষেপ নেয়ার জন্য আমি গভর্নর কুওমো এবং রাজ্যের আইনসভার প্রশংসা করছি। স্বাস্থ্য এবং নিরাপত্তার ভিত্তি আবাসন, এবং আমি আমাদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত করতে নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনীয় ফেডেরাল ত্রাণ সংগ্রহ করার জন্য কাজ চালিয়ে যাব।"

প্রতিনিধি জোসে সেরানো বলেন, "এই সংকটের পূর্বে সাশ্রয়ী মূল্যের আবাসন একটি গুরুতর বিষয় ছিল, এবং করোনাভাইরাস মহামারী চলাকালীন সময় তা আরো খারাপের দিকে গেছে। ব্রঙ্কস এবং অন্যান্য স্থানে অনেক পরিবার আয় অনুযায়ী ব্যয় করতে, তাদের ভাড়া পরিশোধ করতে, এবং অন্যান্য মৌলিক খরচ মিটানোর জন্য সংগ্রাম করছে। চলমান জনস্বাস্থ্য এবং অর্থনৈতিক সংকটের উপরে একটি আবাসন সংক্রান্ত সংকট প্রতিরোধ করার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করতে হবে। কংগ্রেসে পাশ করা করোনভাইরাস সহায়তা, ত্রাণ এবং অর্থনৈতিক সুরক্ষা (Coronavirus Aid, Relief, and Economic Security, CARES) আইনের সৌজন্যে সম্ভব হওয়া, COVID ভাড়ার ত্রাণের (COVID Rent Relief) কার্যক্রম তাদের সাহায্য করতে প্রয়োজনীয় ত্রাণ প্রদান করবে যাদের বাড়ি ভাড়া পরিশোধ করা এবং মাথার উপর ছাদ বজায় রাখার জন্য এই

ত্রাণের সবচেয়ে বেশি দরকার। এই গুরুত্বপূর্ণ কার্যক্রমের বিকাশে তার নেতৃত্বের জন্য আমি গভর্নর কুওমো'কে ধন্যবাদ জানাই।"

প্রতিনিধি ক্যারোলিন মালোনি বলেন, "COVID ভাড়ার ত্রাণের (COVID Rent Relief) কার্যক্রম একটি অত্যন্ত প্রয়োজনীয়, সাধারণ-জ্ঞানের উপায় যা মহামারী দ্বারা উত্থাপন করা অর্থনৈতিক চাপ অনুভব করা ভাড়াটেদের সাহায্য করবে। নিউ ইয়র্ক রাজ্য আরো একবার পথ দেখাচ্ছে এবং সিনেটের একই পথ অনুসরণ করা উচিত হাউজ হিরোজ অ্যাক্ট(House's Heroes Act) পাশ করে, যার মধ্যে আছে ভাড়ার ত্রাণের জন্য 100 বিলিয়ন মার্কিন ডলারের তহবিল, এবং H.R. 7301, যা একটি জরুরী আবাসন সুরক্ষা এবং ত্রাণের (Emergency Housing Protections and Relief) আইন। কেউ কীভাবে তাদের মাথার উপরের ছাদ বজায় রাখবে, বিশেষ করে মহামারীর সময়, সে বিষয়ে চিন্তার কারণে কারো ঘুম হারানো উচিৎ নয়। আমাদের অবশ্যই আমাদের জাতিকে এই ঝড় অতিক্রম করতে সাহায্য করার জন্য পদক্ষেপ গ্রহণ করা এবং অত্যন্ত প্রয়োজনের সময় আমেরিকার জনগণকে অর্থপূর্ণ ত্রাণ প্রদান করা চালিয়ে যেতে হবে।"

প্রতিনিধি নিডিয়া এম. ভেলাজকোয়েজ বলেন, "মহামারীর ফলে অনেক নিউ ইয়র্কবাসীরা এই মুহূর্তে ভুগছেন এবং তারা ভাড়া প্রতিশোধ করা, আলো জ্বালিয়ে রাখা বা টেবিলে খাবার রাখার মধ্যে একটি অসহনীয় পছন্দ নির্বাচন করার সম্মুখীন হচ্ছেন। COVID রেন্ট রিলিফ প্রোগ্রাম গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করবে কিন্তু এটি সামগ্রিক প্রয়োজনীয়তার একটি ক্ষুদ্র অংশ মাত্র। আমি বাড়তি ফেডারাল অর্থায়নের জন্য প্রচেষ্টা চালিয়ে যাব যাতে কোন নিউ ইয়র্কবাসীকে তাদের বাড়ি থেকে জোর করে উচ্ছেদ না করা হয় এই অভূতপূর্ব স্বাস্থ্যের এবং অর্থনৈতিক সংকটের সময়।"

প্রতিনিধি হাকিম জেফরিস বলেন, "নিউ ইয়র্ক COVID-19 জনস্বাস্থ্যের সংকটের বোঝা বহন করেছে, এবং আমাদের সম্প্রদায়গুলির অকল্পনীয় বেদনা, যন্ত্রণা এবং মৃত্যুর অভিজ্ঞতা হয়েছে। আমরা সাবধানে রাজ্য পুনরায় খুলতে শুরু করার সাথে সাথে আমাদের নিশ্চিত করতে হবে যে যেসব জনগণ এবং সম্প্রদায়ের সব চেয়ে বেশি প্রয়োজন আছে তারা আর্থিক সহায়তার জন্য সাহায্য পাবেন। জরুরী ভাড়ার সহায়তা কর্মসূচী তাদের কাছে পৌঁছাবে যাদের মাথার উপর ছাদ হারানোর ঝুঁকি সবচেয়ে বেশি আছে। এটি একটি ভয়াবহ সংকট, এবং আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই তার অসাধারণ নেতৃত্বের জন্য।"

প্রতিনিধি গ্রেস মেং বলেন, "কয়েক মাস ধরে আমি সেই নিউ ইয়র্কবাসীদের ত্রাণ প্রদানের জন্য আহ্বান জানিয়েছি, যারা তাদের ভাড়া পরিশোধ করার জন্য লড়াই করছে। এই কর্মসূচী প্রতিষ্ঠার জন্য এবং আরও বেশি নিউ ইয়র্কবাসীদের যারা তাদের নিজেদের কোন দোষ ছাড়াই এই কঠোর আর্থিক বোঝা সহ্য করতে বাধ্য হয়েছে তাদের সাহায্য করতে আরো কিছু করার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই। কিন্তু এটি একটি প্রধান সমস্যা সমাধানের দিকে প্রথম পদক্ষেপ এবং আমি হাউস অ্যাপ্রোপ্রিয়েশন কমিটিতে (House Appropriations Committee) আমার স্থান ব্যবহার করা চালিয়ে যাব - যা ভাড়ার সংকটের মোকাবেলার জন্য ফেডেরাল সরকারকে অর্থ প্রদান করে। করোনাভাইরাসের কারণে আমাদের রাজ্যের কাউকে তাদের বাড়ি থেকে বের করে দেওয়া উচিত

নয়। আমি সিনেটকে আহ্বান জানাচ্ছি হিরোস অ্যাক্ট (Heroes Act) পাশ করার জন্য যার মধ্যে ভাড়া ত্রাণের জন্য আরো তহবিল রয়েছে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন